রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ২৫, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিচার শাখা-৪

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৪শে মে, ১৯৮৭/৯ই জ্যৈষ্ঠ, ১৩৯৪

নং এস, আর, ও ৯৬-এল/৮৭/১৯৬-বিচার৪/৫সি-৭/৮৩—দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন)-এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন)-এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে সরকার নির্দেশ দিতেছেন যে, বরিশালের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি অস্থায়ী ভাবে, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, প্রতি মাসে একটানা ১৫ দিন ঝালকাঠি জেলার ঝালকাঠিতে অনুষ্ঠিত হইবে।

সরকার আরও নির্দেশ দিতেছেন যে, সার্কিট ডিউটি কালীন সময়ে অতিরিক্ত জেলা দায়রা জজ ঝালকাঠিতেই অবস্থান করিবেন।

এই আদেশ ১৭-৫-১৯৮৭ তারিখ হইতে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাফিজ উদ্দীন আহমদ
উপ-সচিব।



মূল্য : ৩০ পয়সা

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-৮

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৪শে মে, ১৯৮৭/৯ই জ্যৈষ্ঠ, ১৩৯৪

নং এস. আর, ও ৯৭-এল/৮৭/শ্রওজ৮/৪(৮)/৮৭—যেহেতু সরকার মনে করেন যে Rural Electrification Board-এর অধীনস্থ সকল শ্রেণীর কর্মচারীর চাকুরী জনগণের জীবন যাত্রা নির্বাহে প্রয়োজনীয় ব্যবস্থাদি অব্যাহত রাখার জন্য অত্যাবশ্যকীয়;

সেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. XLI of 1958)-এর section 3(1)-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত Rural Electrification Board-এর অধীনস্থ সকল শ্রেণীর চাকুরীকে এমন চাকুরী হিসাবে ঘোষণা করিতেছেন যে, সে সব চাকুরীর ব্যাপারে উক্ত অধ্যাদেশ প্রযোজ্য।

রাষ্ট্রপতির আদেশক্রমে
সাইজুদ্দিন আহমদ
উপ-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ বাবরিল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।